

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডিমলা, নীলফামারী।
www.dimla.nilphamari.gov.bd


নিলাম বিজ্ঞপ্তি

নীলফামারী জেলার ডিমলা উপজেলার টেপাখড়িবাড়ী ইউনিয়নের উত্তর খড়িবাড়ী মৌজার তিস্তা নদীর উপর সৃজিত বালুমাহল হতে অবৈধভাবে উত্তোলিত পাথর টেপাখড়িবাড়ী ও গয়াবাড়ী ইউনিয়নের বিভিন্ন স্থানে থেকে জব্দ করা হয়। জব্দকৃত পাথর ৩০ টি স্তুপে আনুমানিক ১,৩০,২০১.৫ (এক লক্ষ ত্রিশ হাজার দুইশত এক দশমিক পাঁচ) ঘনফুট জব্দকৃত পাথর আগামী ১৬.০৯.২০১৯ খ্রি. তারিখ রোজ সোমবার দুপুর ১২.০০ টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ডিমলা নীলফামারীর সভাকক্ষে উন্মুক্ত নিলামে বিক্রয় করা হবে। উক্ত নিলাম ডাকে অংশগ্রহণের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুরোধ করা যাচ্ছে।

শর্তাবলি:

- ০১। ভিন্ন ভিন্ন স্থানের ৩০ টি লটের স্তুপীকৃত পাথরের প্রতিটি লটের জন্য পৃথক ভাবে নিলাম ডাকে অংশ নিতে পারবেন।
- ০২। অংশগ্রহণকারী পাথরের পরিমাণ নিয়ে নিলাম ডাকে যাতে কোন প্রশ্ন উত্থাপন করতে না পারে সে জন্য নিলামে অংশগ্রহণ করার পূর্বে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড হতে এবং সরেজমিনে পাথরের পরিমাণ জেনে অংশ গ্রহণ করতে হবে।
- ০৩। নিলামে অংশগ্রহণ করার জন্য নিলাম ডাক কারীকে প্রতিটি লটের জন্য অফেরৎযোগ্য ৫০০/- টাকা জমা দিয়ে নিলামে অংশ গ্রহণ করতে হবে এবং সরকারি মূল্যের ১০% নগদ অর্থ জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। সর্বোচ্চ ডাক কারী ব্যতীত সকলের জামানত ফেরত প্রদান করা হবে।
- ০৪। নিলাম মূল্য জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের ২৮ মে ২০১৫ খ্রি. তারিখের ২৮.০০.০০০০.০২৮.৩৩.০০৪.১৫.২০৪ নং স্মারকে অফিস আদেশ অনুযায়ী ভিত্তি মূল্য ৩৮/- (আটত্রিশ টাকা) সিএফটি নির্ধারণ করা হয়।

- ৫। ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিলাম ডাকের সমুদয় অর্থ চালানোর মাধ্যমে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর (১-৪২৪১-০০০০-২৬৮১) নং কোডে ট্রেজারি চালানোর মাধ্যমে জমা প্রদান করতে হবে। জমা প্রদান করে উক্ত চালানের মূল কপি জমাদানপূর্বক নিয়ন্ত্রাঙ্করকারীর নিকট হতে কার্যাদেশ গ্রহণ করতে হবে। ব্যর্থতায় জামানতসহ জমাকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ৬। কার্যাদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিজ দায়িত্বে পাথর অপসারণ শেষ করতে হবে।
- ৭। গ্রহণযোগ্য দরদাতাকে মোট অর্থের উপর বিধি অনুযায়ী প্রযোজ্য ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- ৮। অংশগ্রহণকারী দরদাতাগণ কর্তৃক প্রদত্ত দর নির্ধারিত দরের চেয়ে কম হলে বা অন্য কোন যুক্তিসংগত কারণে গ্রহণযোগ্য না হলে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তিটি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোহাম্মদ নাজমুন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
ডিমলা, নীলফামারী

ও
আহ্বায়ক
যৌথ টাস্কফোর্স অভিযানে জব্দকৃত পাথর
আইনানুগভাবে বিক্রয় এবং বিক্রয়লব্ধ অর্থ সরকারি
কোষাগারে জমা প্রদানের লক্ষ্যে গঠিত কমিটি।

নং- ০৫.৪৭.৭৩১২.০০০০.০৬.০১৬.১৯- ৪৬৬ (১১)

তারিখ: ১৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ০১। বিভাগীয় কমিশনার রংপুর বিভাগ, রংপুর।
- ০২। মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, নীলফামারী।
- ০৪। পুলিশ সুপার নীলফামারী।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নীলফামারী।
- ০৬। নির্বাহী প্রকৌশলী পওর বিভাগ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নীলফামারী/ডালিয়া, ডিমলা, নীলফামারী।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার ডিমলা, নীলফামারী।
- ০৮। সহকারী কমিশনার (ভূমি) ডিমলা, নীলফামারী।
- ০৯। অফিসার ইনচার্জ ডিমলা থানা, নীলফামারী।
- ১০। রেভিনিউ ডিপুটি কালেক্টর, নীলফামারী।
- ১১। উপজেলা প্রকৌশলী ডিমলা, নীলফামারী।